



## বকুলি আমার নাম

আতিক রহমান

রিক্রাওয়ালার মেয়ে আমি বকুলি আমার নাম  
জাত গোত্র নেই আমাদের বস্তিতেই ধাম।  
ট্রাক চাপায় পৃষ্ঠ হয়ে বাবা গেলেন মারা  
ইট ভেঙ্গে বাসন মেজে মায়ের জীবণ সারা।

ছেট তিনটা ছেলেমেয়ে নিয়ে মায়ের এ সংসার  
নুন আনতে পাঞ্চা ফুঁড়োয় বড়ই হাহাকার।  
ক্ষুলে যাবার বয়স আমার সময় কোথায় পাই  
বস্তা হাতে সারাটা দিন কাগজ প্লাস্টিক কুঁড়াই।

সন্ধ্যা হলে ঘরে ফিরি নিয়ে ক'টি টাকা  
মহাজনের মর্জির উপর আয় আমাদের ঠেকা।  
আধপেটা খেয়ে রাতে ঘুমাতে যখন যাই  
মশার দল ঝাঁপিয়ে পড়ে শান্তি-ঘুম আর নাই।

মায়ের মুখে হাসি দেখিনা সে বহু বছর  
রাত হলে জুলায় তারে বস্তির যত বাঁদর।  
এককালে বাবা মায়ের ছিল যে সুখের দিন  
বুকে তিনটি সন্তান নিয়ে কাটাত যে দিন।

গেরঙ্গী আর জমিজমা সবই আমাদের ছিল  
মহাজনের সুদের দায়ে জমিটুকু গেল।  
বাকী ছিল ভিটাখানা নদী করলো শেষ  
ঢাকায় এসে অবশেষে বস্তিতে ঠাই শেষমেষ।

[arahman546@gmail.com](mailto:arahman546@gmail.com)

আতিক রহমান -বটমন্ট হিল, সিডনি